

দেখেছ কি তাকে লিরিক্স:-

দেখেছ কি তাকে ঐ নীল নদীর ধারে ?  
বৃষ্টি পায় পায় তার কি যেন কি নাম  
জলে ভেজা মাঠে আকাশে হাত বাড়ায়  
মেঘের আড়ালে ভেসে থাকা সেই রংধনু কে চায় ।

দেখেছ কি তাকে ঐ নীল নদীর ধারে ?  
বৃষ্টি পায় পায় তার কি যেন কি নাম  
জলে ভেজা মাঠে আকাশে হাত বাড়ায়  
মেঘের আড়ালে ভেসে থাকা সেই রংধনু কে চায় ।  
দেখেছ কি তাকে ঐ নীল নদীর ধারে ?

ঝরাপাতা উড়ে তাকে ছুঁয়ে বলে যা যারে  
এখানে বড়ই ফিকে সব তুই যা, যা যা  
তাই সে যায় ছুটে বেড়ায় ধূসর প্রান্তরে  
মেঘের গায় হাত বুলায় রংধনু কে চায়  
দেখেছ কি তাকে ঐ নীল নদীর ধারে ?

আনমনা মেঘ দূরে যায় কেন কে জানে  
কিছুতেই তার কাছে ধরা দেয় না, না না  
তবুও তার, মেঘে ওড়ার, অন্তহীন টানে  
ভীজে হাওয়ায় পাখিরা গায় রংধনু কে চায়  
দেখেছ কি তাকে ওই নীল নদীর ধারে ?

জানি একদিন মেঘের ঠিকানা সে, পাবে  
বলবে পাখিরা ওরে মেঘ তুই গা, গা গা  
তোর কাছেই আসবে গান তোর কাছেই যাবে  
যারা হারায় রূপকথায় রংধনু কে চায়

দেখেছো কি তাকে ঐ নীল নদীর ধারে ?  
বৃষ্টি পায় পায় তার কি যেন কি নাম  
জলে ভেজা মাঠে আকাশে হাত বাড়ায়  
মেঘের আড়ালে ভেসে থাকা সেই রংধনু কে চায়  
দেখেছো কি তাকে ওই নীল নদীর ধারে ?